



দাঁতের সুরক্ষায় ডেন্টবাস

পেপসোডেন্ট ডেন্টবাস যাত্রা শুরু করেছিল গত বছরের এক শুভক্ষণে। সেই থেকে ডেন্টবাসের চাকা ঘুরেছে দেশের অসংখ্য শহর ও জনপদে, লক্ষ মানুষের কাছে। ১৭ জুলাই এক অনাড়ম্বর আয়োজনে সাংবাদিক, সমাজকর্মী, বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতি মধ্য দিয়ে দেশবাসীর কাছে আনুষ্ঠানিকভাবে ঘোষিত হলো এই কার্যক্রমের কথা।

পেপসোডেন্ট দাঁতের সঠিক যত্ন, জীবাণু থেকে সুরক্ষা এবং দাঁতকে শক্ত, মজবুত করার পরামর্শ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশজুড়ে আয়োজন করে চলেছে নানা কার্যক্রম, নিয়েছে নানা উদ্যোগ। প্রায় ১৪ কোটি মানুষের দেশ বাংলাদেশ। সহজ-সরল জীবনের অধিকাংশ মানুষই সুস্বাস্থ্য নিয়ে তেমন করে ভাবে না। আর দাঁতের যত্নে ও সচেতন নয়। সাধারণ মানুষকে দেখা যায় দাঁতের সমস্যায় ভুগতে, এমনকি দাঁত তুলে ফেলার মতো দুঃখজনক কাজও করতে হয় তাদের। অথচ একটু সচেতন হলেই গড়তে পারে দাঁতের সুস্বাস্থ্য; নিয়মিত যত্নে দাঁত হয়ে ওঠে জীবাণুমুক্ত, সুস্থ ও মজবুত। কিন্তু প্রত্যন্ত অঞ্চলে পৌঁছায় না সব প্রচারণা বা কর্মকাণ্ডের

সুবাতাস। গড়ে ওঠে না সচেতনতা। তাই চাই নতুন উদ্যোগ। সে উপলব্ধি থেকেই দেশের প্রান্ত থেকে প্রান্তে ঘুরে ঘুরে সুস্বাস্থ্য গড়ে দেয়ার লক্ষ্যে জন্ম দিয়েছে পেপসোডেন্ট ডেন্টবাস।

পেপসোডেন্ট দীর্ঘদিন ধরেই সারা দেশের অসংখ্য স্কুলে আয়োজন করে চলেছে ছাত্রদের ডেন্টাল চেকআপ, সাধারণ জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে কুইজ প্রতিযোগিতা। পাশাপাশি চলছে দাঁতের যত্ন ও পরিচর্যায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম, দূর-দূরান্তের জনপদে হচ্ছে ফ্রি ডেন্টাল চেকআপ ক্যাম্প। পেপসোডেন্ট তার গুণগত উৎকর্ষের জন্য



ডেন্টবাসে রয়েছে উন্নত সেবার সুযোগ

একদিকে অব্যাহত রেখেছে নানা গবেষণা ও উদ্ভাবন, যার জন্য একমাত্র পেপসোডেন্টই পেয়েছে 'বাংলাদেশ ডেন্টাল সোসাইটি'র অনন্য স্বীকৃতি এবং ডেন্টিস্টদের আন্তর্জাতিক সংগঠন এফডিআইর স্বীকৃতি। পাশাপাশি অব্যাহত রেখেছে নানা সামাজিক কার্যক্রম, যার সর্বশেষ সাফল্য এই পেপসোডেন্ট ডেন্টবাস।

অত্যাধুনিক এই ডেন্টবাসে বিশেষজ্ঞ ডেন্টিস্টরা দিচ্ছেন ফ্রি ডেন্টাল চেকআপ। ডেন্টবাসে রয়েছে উন্নত ও আধুনিক ডেন্টাল চেকআপ ইকুইপমেন্ট আর ডেন্টাল এক্সপার্টদের আন্তরিক সহযোগিতা। ডেন্টবাস কাজ করছে দেশের বিভিন্ন শহরে, জনপদে, বিভিন্ন স্কুলে, কম্যুনিটিতে। যেখানে দাঁতের চিকিৎসার পর্যাপ্ত সুবিধা নেই, সেখানেই পৌঁছে যাচ্ছে ডেন্টবাস। এ পর্যন্ত তিন লাখ মানুষের কাছে সেবা পৌঁছে দিয়ে পেপসোডেন্ট আজ গর্বের সঙ্গে বলতে পারে- দেশের মানুষের ওরাল হেল্থ সচেতনতায় এ কর্মকাণ্ড অগ্রপথিকের ভূমিকা গ্রহণ করে দৃষ্টান্ত সৃষ্টি করেছে। ইতিমধ্যে ডেন্টবাস যখন যেখানে গিয়েছে, মানুষের সাড়া পেয়েছে অভূতপূর্ব। দেশের মানুষের কাছে পৌঁছে দেয়া দাঁতের স্বাস্থ্যসেবা ও দাঁতের পরিচর্যায় সচেতনতা বৃদ্ধির এই কর্মকাণ্ড দেশের সার্বিক স্বাস্থ্যসেবা নিঃসন্দেহে উল্লেখযোগ্য অবদান।

পেপসোডেন্ট ডেন্টবাস এক সুস্থ ভবিষ্যতের প্রতায়। আমরা চাই দেশের মানুষ ওরাল হাইজিন বা দাঁত ও মুখের পরিপূর্ণ যত্নের ধারণা লাভ করুক। ওরাল হেল্থের ব্যাপারে হোক সচেতন। আর তাহলেই বর্তমান চিত্রটি সম্পূর্ণ পাল্টে যেতে পারে।

পেপসোডেন্ট ইউনিভার্সাল বাংলাদেশ লিমিটেডের একটি সফল ব্র্যান্ড। ইউনিভার্সাল ভাসমান হাসপাতাল, মেধাচর্চার প্রতিযোগিতা, স্কলারশিপ, কুইজ-চিত্রাঙ্কন-গান-কবিতা-নাট্যোগ্রহণসব এরকম অসংখ্য অংশগ্রহণমূলক কর্মকাণ্ডে প্রতিনিয়ত রেখে চলেছে এক ইতিবাচক ভূমিকা। নিতান্তই একটি প্রতিষ্ঠানে আটকে না থেকে এগিয়ে গেছে মানুষের কাছে।

ডেন্টবাস কর্মসূচি পেপসোডেন্টের চমৎকার উদ্যোগ। দেশের মানুষের কাছে ডেন্টাল হাইজিন ও সুস্বাস্থ্যের আলো জ্বলে ফিরে আসুক ডেন্টবাস।